দৈনিক ইত্তেফাক



তারিখ ... ... MAR. 06 2000 ...
পৃষ্ঠা ১ ... কলাম ... ৪ ......

# পরীক্ষায় নকল রোধে কঠোর পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত

বাসস/ইউএনবি ॥ শিক্ষা সংক্রান্ত সংসদীয় স্ট্যান্ডিং কমিটি পরীক্ষায় নকল রোধে কঠোর ও কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং ইহার বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির উপর বিশেষ জোর দিয়াছে। গতকাল

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## পরীক্ষায় নকল রোধে

(১ম পৃঃ পর)

রবিবার কমিটির বৈঠকে নকল রোধে আরও কার্যক্রম গ্রহণকল্পে সুপারিশমালা-সম্বলিত রিপোর্ট পেশের জন্য উপ-কমিটির প্রতি আহবান জানান হয়। সংসদীয় কমিটির চেয়ারম্যান নূরুল ইসলাম নাহিদের সভাপতিত্বে এই বৈঠক জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত হয়। বৈঠকে গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী ডাঃ আলাউদ্দিনের মৃত্যুতে শোক প্রকাশ, বিভিন্ন কলেজে শূন্যপদে মেধাভিত্তিতে শিক্ষক নিয়োগ, ডিগ্রী কলেজসমূহের শিক্ষার মানোন্নয়নসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়। ইহাছাড়া বৈঠকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান রিপোর্ট পেশ করেন। বৈঠকে শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক, উপাধ্যক্ষ মোঃ আবদুস শহীদ, পঞ্চানন বিশ্বাস, কাজী সিরাজুল ইসলাম, বেগম রাজিয়া মতিন চৌধুরী, আলমগীর কবির ও মোঃ মশিউর রহমান উপস্থিত ছিলেন। শিক্ষা সচিব কাজী রকিবউদ্দিন আহমেদও বৈঠকে উপস্থিত ছিলেন।